



হাসান হাফিজ কেমন শক্তি ভালোবাসার

এক পেয়ালা দুঃখতিয়াস
এক পেয়ালা ঘুম
স্বৈচ্ছাদহন পর্ব থেকে
মুক্তি এনে দেবে?
মুক্তি তুমি কেমন মেয়ে
কোথায় পেলে ডানা?
উড়তে উড়তে আকাশ ভেঙে
বৃষ্টি বরাও ধুম।

একেক থোকা অধঃপতন
ছন্দ ঝাঁঝের নুন
ভরন্ত পাপ আঁধার সাঁঝে
ভালোবাসতে হাসতে হাসতে
পুড়তে পুড়তে আয়ুর পিদিম
উষ্টিয়ে দেয় একগুঁয়েমি
সর্বনাশের জেদ চেপে যায়
ভালোবাসার এমন শক্তি, গুণ!

লাল বৃত্তে লাখো প্রাণ

তুমি ছিলে জনমুগ্ধ
বিদ্যুৎ গতিতে যার
অস্তিত্ব অহং
সাড়ে সাত কোটি প্রাণে
তরঙ্গিত এবং ঝঙ্কত
হয়েছিল একান্তরে।
তুমি এক আকাজক্ষার
মুক্তি আঁকা মানচিত্রে
লাল বৃত্ত পতাকার
নদীর ছলাৎ শব্দ
আকাশের উদারতা
গভীরতা সমুদ্রের....

লাখো প্রাণ তোমার সত্তায়
অত্যাশ্চর্য সজীবতা
লাখো প্রাণ লাল বৃত্তে
চির জাগরুক